গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গংগাচড়া, রংপুর।

"জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা রংপুর জেলার গংগাচড়া উপজেলাধীন ২০ (কুড়ি) একরের নিম্নে আয়তন বিশিষ্ট বদ্ধ শ্রেণির জলমহালসমূহ জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে ১৪৩২-১৪৩৪ বাংলা সন মেয়াদে ৩ (তিন) বৎসরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী নিবন্ধনকৃত রংপুর জেলার প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতির নিকট থেকে নিম্ন বর্ণিত শর্তে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	জলমহালের নাম	মৌজার নাম	আয়তন (একরে)	ইজারা মেয়াদ (বঙ্গাব্দ)	সরকারি ইজারা মূল্য	অনলাইন আবেদনের তারিখ	ইজারা মেয়াদ
০১	খারুভাজ বিল	তালুকহাবু	১৬.১৪	১৪৩২ হতে ১৪৩৪ পর্যন্ত	=৯,৯২,২৫০/-	১৫/০১/২০২৫ খ্রি. হতে ২৮/০১/২০২৫ খ্রি. (০১ মাঘ হতে ১৪ মাঘ) পর্যন্ত।	০১ বৈশাখ ১৪৩২ হতে ৩০ চৈত্র ১৪৩৪ পর্যন্ত।
০২	ঠাকুড়াদহ বিল	ঠাকুড়াদহ	৩.৫৩	১৪৩২ হতে ১৪৩৪ পর্যন্ত	=১,৩৭,৮১২.৫/-		
০৩	পেউলাদহ বিল	পেউলাদহ	৩.১৭	১৪৩২ হতে ১৪৩৪ পর্যন্ত	=৬০,৬৩৭.৫/-		
০৪	দোন্দরা বিল	দোন্দরা	৪.১৯	১৪৩২ হতে ১৪৩৪ পর্যন্ত	=১,৪৩,৩২৫/-		
০৫	মন্থনাহাট মজাপুকুর	বড়বিল	০.৯৬	১৪৩২ হতে ১৪৩৪ পর্যন্ত	=১৪,০৫৭.৪/-		
০৬	পাকুড়িয়া শরীফ মজাপুকুর	পাকুড়িয়া	২.৩১	১৪৩২ হতে ১৪৩৪ পর্যন্ত	=১,৩৭,৮১২.৫/-		
০৭	ভাংনী বিল	ঘাঘটটারী	১.৬২	১৪৩২ হতে ১৪৩৪ পর্যন্ত	=৭,৪৪২.৪/-		

০১। প্রকৃত মৎস্যজীবী সমিতি/ মৎস্যজীবী সংগঠন ১৫/০১/২০২৫ খ্রি. হতে ২৮/০১/২০২৫ খ্রি. (০১ মাঘ হতে ১৪ মাঘ) এর মধ্যে অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের লিংক (http://jm.lams.gov.bd)।

০২। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, চাহিত সংশ্লিষ্ট কাগজপত্র ও উদ্ধৃত ইজারা মূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গংগাচড়া, রংপুরে নির্ধারিত সীলগালাকৃত দরপত্র বাক্সে ২৯/০১/২০২৫ খ্রি. হতে ০২/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে। নির্ধারতি সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

০৩। আবেদনকারী মৎস্যজীবী সমিতিকে আবেদন বাবদ ৫০০/- (অফেরতযোগ্য) চালানের মাধ্যমে জলমহাল ও ইজারা পুকুর ১-৪৬৩১-০০০০-১২৬১ কোডে জমা প্রদান করে চালানের মূল কপি আবেদনের সাথে যুক্ত করে দাখিল করতে হবে।

০৪। ভুল/ অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল গলে গণ্য হবে।

০৫। মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/ সমিতি- এ কোন জঙ্গীসম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/ সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

০৬। কোন কারণ বশত: ইজারা প্রদান কার্যক্রম বিলম্ব হলেও প্রদত্ত ইজারা ১৪৩২ বাংলা সনের ১লা বৈশাখ হতে কার্যকর হবে। এ জন্য ইজারা গ্রহীতা কোন আর্থিক সুবিধা বা ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না। এ বিজ্ঞপ্তিভুক্ত সকল জলমহালে ইজারার মেয়াদ ৩০ চৈত্র ১৪৩৪ বঙ্গাব্দ সময়ে সমাপ্ত হবে।

০৭। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত রংপুর জেলার প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

০৮। দাখিলকৃত আবেদনের উদ্ধৃত দর সরকারি ইজারা মূল্য অপেক্ষা কম হলে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৯। আবেদনের সাথে সংগঠন বা সমিতির নিবন্ধন সনদ, সমিতির সভার কার্যবিবরণী বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট নির্বাচিত কমিটির সভাপতি ও সম্পাদকের ছবিসহ নির্বাহী সদস্যদের নামের তালিকা ও সমিতির সকল প্রকৃত মৎস্যজীবী সদস্যগণের FID কার্ডের সত্যায়িত কপি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক রুল অনুসারে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, জলমহালে মৎস্যচাষ/ উৎপাদন/ সুষ্ঠু পরিকল্পনা/ রুপরেখা ইত্যাদি কাগজপত্র সংযোজন করতে হবে।

১০। কোন মৎস্যজীবী সমবায় সমিতি ০২ (দুই) টির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত পাবে না।

১১। গৃহীত ইজারা মূল্যের উপর নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর ১ম বছরের ইজারার টাকার সাথে একত্রে প্রদান করতে হবে।

১২। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৩। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন প্রয়োজনে যে কোন সময়ে কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন উপর্যুক্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/০১/২০২৫

(মাহমুদ হাসান মৃধা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গংগাচড়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
গংগাচড়া, রংপুর।

স্মারক নং- ৩১.০২.৮৫২৭.০০০.০২.০০৬.২৪- ০৮ (৮০)

তারিখ: ১৮. পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
০২. জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
১। প্রশাসক, উপজেলা পরিষদ, গংগাচড়া, রংপুর।

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:
১। জেলা প্রশাসক, রংপুর।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর।
৩। অফিসার্স ইনচার্জ, গংগাচড়া মডেল থানা, গংগাচড়া, রংপুর (সার্বিক আইন শৃংখলা বজায় রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
৪। ....কর্মকর্তা, গংগাচড়া, রংপুর/ নোটিশ বোর্ড।
৫। চেয়ারম্যান.......................(সকল) ইউ.পি গংগাচড়া, রংপুর।
৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, গংগাচড়া, রংপুর। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ....(সকল) ইউনিয়ন ভূমি অফিস, গংগাচড়া, রংপুর। তাকে বিজ্ঞপ্তিটি মাইকিং/ ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৮। সভাপতি/ সম্পাদক.................................সমবায়/ সংগঠন, গংগাচড়া, রংপুর।
৯। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার. দৈনিক.........................বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে একদিনের সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১০। অফিস কপি।

০২/০১/২৫

(জান্নাতুল ফেরদৌস উর্মি)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গংগাচড়া, রংপুর।